

এমপিওভুক্ত মাদরাসা শিক্ষকদের ডিসেম্বরের বেতনের চেক ছাড়

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ১৬:০০, ৩০ ডিসেম্বর ২০২৪



ছবি: সংগৃহীত

দেশের এমপিওভুক্ত মাদরাসার শিক্ষক-কর্মচারীদের বছরের শেষ মাস ডিসেম্বরের এমপিওর চেক ছাড় করা হয়েছে। অনুদান বণ্টনকারী ব্যাংকগুলোতে চারটি চেক পাঠিয়েছে মাদরাসা শিক্ষা অধিদপ্তর।

UNIBOTS

শিক্ষক-কর্মচারীরা বছরের প্রথমদিন ১ জানুয়ারি থেকে বেতন-ভাতার সরকারি অংশের টাকা তুলতে পারবেন। এ নিয়ে টানা পাঁচমাস মাসের শুরুতে বেতন ভাতা দিচ্ছে মাদরাসা অধিদপ্তর।

সোমবার (৩০ ডিসেম্বর) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের উপ-পরিচালক (অর্থ) মো. আবুল বাসারের সই করা বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, মাদরাসা শিক্ষা অধিদপ্তরাধীন বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের (মাদরাসা) শিক্ষক-কর্মচারীদের নভেম্বর বেতন-ভাতাদির সরকারি অংশের চারটি চেক অনুদান বণ্টনকারী অগ্রণী ও রূপালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয় এবং জনতা ও সোনালী ব্যাংক লিমিটেড, স্থানীয় কার্যালয়ে ৩০ ডিসেম্বর হস্তান্তর করা হয়েছে।

‘শিক্ষক-কর্মচারীরা আগামী ১ ডিসেম্বর তারিখের পর সংশ্লিষ্ট ব্যাংক হতে নভেম্বর মাসের বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলন করতে পারবেন’ বলেও উল্লেখ করা হয়।